# প্রবাসী কল্যাণ ব্যাংক

ঢাকা উত্তর আঞ্চলিক কার্যালয়, ঢাকা।

সূত্রঃ ৫৩.১৬.২৬৬৬.৮০০৪.২৬.০০১.২০২৫-০৪৬

তারিখঃ ০৯.০৩.২০২৫

**বিষয়ঃ ঢাকা উত্তর আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন সকল শাখার বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াত/ ভ্রমণের টিএ/ডিএ বিল প্রেরণের ক্ষেত্রে নিয়মাচার।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ে ঢাকা উত্তর আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন সকল শাখার বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াত/ ভ্রমণের টিএ/ডিএ বিল নির্দিষ্ট সময়ে যথাযথভাবে অনুমোদনের ক্ষেত্রে নিম্ন লিখিত বিষয়গুলো সঠিকভাবে পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

১. কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক ভ্রমন বিল ভ্রমণের ১০ দিনের মধ্যে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। ভ্রমণ বিলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ভ্রমণ বিলে স্বাক্ষরকরতঃ ০৫ দিনের মধ্যে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।
২. কর্মকর্তা/ কর্মচারীদের ভ্রমণ করার জন্য ভ্রমণসূচী/ Tour Plan নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে অবশ্যই অনুমোদন নিয়ে প্রেরণ করতে হবে।
৩. বিলের কপি সঠিক ফরমেটে দিতে হবে এবং বিলের কপিতে যথাযথ স্বাক্ষর, সীল, তারিখ, এবং মাস সঠিকভাবে উল্লেখ থাকতে হবে।
৪. ঋণের তদন্ত বা আদায়ের বিল করার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিদর্শন প্রতিবেদন সংযুক্তি করে প্রেরণ করতে হবে।
৫. উপজেলা Matrix অনুযায়ী দূরুত্ব সঠিকভাবে উল্লেখপূর্বক ভ্রমনকৃত স্থান এর নাম লিখতে হবে। Matrix না থাকলে প্রকৃত দূরুত্ব সঠিকভাবে যাচাইপূর্বক প্রমানাদিসহ প্রকৃত খরচ দাখিল করতে হবে।
৬. কর্মকর্তা/ কর্মচারীগণ নিজ নিজ শাখার ঋণ গ্রহীতাদের বকেয়া কিস্তি আদায়ের নিমিত্ত গ্রাহক/ ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করার প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট গ্রাহক/ জামিনদারগণের স্বীকারোক্তিপত্র বিলের সঙ্গে দাখিল করতে হবে।
৭. যেকোনো পরিদর্শনে (ঋণের তদন্ত, তাগিদ ও অন্যান্য) গতিবিধি রেজিস্টারে এন্ট্রি প্রদানপূর্বক উক্ত রেজিস্টার সর্বদা হালনাগাদ রাখা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিবামাত্র উপস্থাপন করার জন্য যথাযথভাবে সংরক্ষণ করার নির্দেশ দেওয়া যাচ্ছে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়াদি সঠিকভাবে পরিপালন করে আঞ্চলিক কার্যালয়ে যাতায়াত/ টিএডিএ/ বদলী বিল দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায় বিলের অনুমোদন সংশ্লিষ্ট যেকোন জটিলতা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী দায়ী থাকবে।

০৯/০৩/২০২৫

মোঃ মাহবুবুল হাসান
সহকারী মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান

সকল কর্মকর্তা/ কর্মচারী
প্রবাসী কল্যাণ ব্যাংক
ঢাকা উত্তর আঞ্চলিক কার্যালয়ের আওয়াতাধীন সকল শাখা।